রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৪১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১১, ২০১৮

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬০৯—৬২৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১০৩—১১৩০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৩৩—২৪০ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৭৭৩—১৯২৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২২ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/০৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৩.৭৫৯.১৪.৭১.০০.০৮৩.২০১৭-৭৯৯৩**—কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলার মাইজহাটি মৌজায় কিশোরগঞ্জ ইকোনমিক জোন নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য জনাব আব্দুল মুসাব্বির আহমাদ, ব্যবস্থাপনা পরিচালক, কিশোরগঞ্জ ইকোনমিক জোন লিমিটেড, নিটল নিলয় টাওয়ার, ৬৯ নিকুঞ্জ-২ সি/এ, এয়ারপোর্ট রোড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ নিজস্ব মালিকানা দাবি করে তফসিলসহ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন। নিম্নবর্ণিত তফসিলভুক্ত তাদের দাবিকৃত মালিকানাধীন জমির পরিমাণ ৯১.৬৩ একর। উক্ত আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১৫ অনুচ্ছেদ ৭(১) ও ৫(২) অনুসারে প্রস্তাবিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারে এমন কোন ব্যক্তি বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ থাকলে এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট (লেভেল-১২), ১১১, বীর উত্তম সি.আর. দত্ত রোড, ঢাকা-১২০৫ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য মাস্টারপ্ল্যান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্পকারখানা স্থাপন করা হবে। এতদ্ব্যতীত অগ্নিনির্বাপণ ব্যবস্থা, পানি শোধনাগার, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (ETP) স্থাপন করা হবে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**তফসিল-১**

জেলা : কিশোরগঞ্জ, উপজেলা : পাকুন্দিয়া, মৌজা : মাইজহাটি, জে, এল নং-৯১

আর.এস. খতিয়ান : ১৩০৭

আর.এস. দাগ : ২৫০, ২৫২, ৬৬০, ৬৬১

জমির পরিমাণ : ২.৯২, ২৯.৯৩, ৩৩.০৫, ২৫.৭৩

মোট জমির পরিমাণ : ৯১.৬৩ একর

চৌহদ্দি : উত্তরে : রাস্তা ও বাজার; পূর্বে : আদর্শপাড়া; দক্ষিণে : রাস্তা ও পশ্চিমে : জুনিয়াইল গ্রাম।

**ড. গাজী মোঃ সাইফুজ্জামান**
সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ ভাদ্র ১৪২৫/১৯ আগস্ট ২০১৮

**নং ০৫.১৮০.২৭.০২.০০.০০৬.২০১৪-৩৯৭**—যেহেতু, জনাব আকমল হোসেন (পরিচিতি নম্বর-৩৫৫৬), স্থানীয় সরকার বিভাগের অধীন "Rural Employment Opportunities for Public Assets (REOPA)" প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে ১২-০২-২০০৮ তারিখ হতে ০৪-১২-২০১০ তারিখ পর্যন্ত কর্মরত থাকাকালে প্রকল্পের ডি.পি.পি. মোতাবেক ০৬টি প্যাকেজে জীপ গাড়ি ও মাইক্রোবাস ২টি, কম্পিউটার ও আনুসঙ্গিক সামগ্রী, প্রিন্টার, ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ফটোকপি মেশিন, এসি, টেলিফোন, ফ্যাক্স মেশিন, আসবাবপত্র, স্টেশনারি সামগ্রী, বাইসাইকেল এবং রাস্তা মেরামত ও উন্নয়নের জন্য কোদাল, দা, কলসি, ঝুড়ি ইত্যাদি ক্রয় বাবদ সর্বমোট ৪৯২.৫০ লক্ষ টাকার মালামাল পি.পি.আর-২০০৩ অনুসারে সংগ্রহের ক্রয় পরিকল্পনা থাকা সত্ত্বেও তিনি ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে উল্লিখিত মালামাল ক্রয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৩ এবং দাতা সংস্থা ইসির নীতিমালা অনুসরণ না করে ৬টি প্যাকেজকে ভেঙ্গে ৩০টি প্যাকেজে পরিণত করে প্রতিটি প্যাকেজের মূল্য ১০ লক্ষ টাকার মধ্যে সীমিত রেখে ক্রয় কার্য সম্পন্ন করে ক্রয়কৃত মালের গুণগতমান ও পরিমাণ যাচাই না করে বিধি বহির্ভূতভাবে বিল পরিশোধ করে সরকারের আর্থিক ক্ষতিসাধন করায় এবং প্রকল্প পরিচালক হিসেবে প্রেষণে কর্মরত থাকাকালে নিয়মিত বেতন ও ২০% প্রেষণ ভাতা গ্রহণের পর বিধি বহির্ভূতভাবে ও প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে অতিরিক্ত আরো ৭০% ভাতা গ্রহণ করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগে ০৫.১৮০.২৭.০২.০০.০০৬.২০১৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি ১২-১১-২০১৪ তারিখে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ২৮-০১-২০১৫ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানি শেষে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে অভিযুক্তের বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের মত পর্যাপ্ত ভিত্তি থাকায় জনাব সুবীর কিশোর চৌধুরী (পরিচিতি নং-৩৬৫০), অতিরিক্ত সচিব, সিপিটি অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ২১-০১-২০১৬ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, জনাব আকমল হোসেন-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

যেহেতু, তিনি REOPA প্রকল্পে প্রেষণে কর্মরত থাকাকালীন সরকারি বিধি মোতাবেক প্রেষণ ভাতা গ্রহণ করেছেন এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত REOPA প্রকল্পের Provision অনুযায়ী ৭০% অতিরিক্ত ভাতা গ্রহণ করেছেন মর্মে অর্থ বিভাগ মতামত প্রেরণ করেছে; এবং

যেহেতু, অর্থ বিভাগের মতামত, প্রাপ্ত তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়ণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব আকমল হোসেন (পরিচিতি নম্বর-৩৫৫৬) স্থানীয় সরকার বিভাগের অধীন "Rural Employment Opportunities for Public Assets (REOPA)" প্রকল্পের প্রকল্প পরিচালক (বর্তমানে উপসচিব অবসরপ্রাপ্ত), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়ণ" এর অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(৮) বিধি মোতাবেক অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

## জনপ্রশাসন মন্ত্রণালয়
## উর্ধ্বতন নিয়োগ-২ শাখা

### শোক বার্তা

তারিখ : ৩০ শ্রাবণ ১৪২৫/১৪ আগস্ট ২০১৮

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.০৪৯.১১-৬৩২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব সৈয়দ আহসানুল হক (পরিচিতি নম্বর-২১৩৩) গত ২১-০৭-২০১৮ তারিখ শনিবার রাত ১১.৫০ ঘটিকায় হলি ফ্যামিলি রেডক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ........... রাজিউন)।

২। জনাব সৈয়দ আহসানুল হক ১৫ জুন, ১৯৬২ তারিখে বাগেরহাট জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২১ জানুয়ারি, ১৯৮৬ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি ১৮ জুলাই, ২০১৩ তারিখে যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন।

৩। জনাব সৈয়দ আহসানুল হক দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র ও এক কন্যাসহ আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব সৈয়দ আহসানুল হক এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**ফয়েজ আহম্মদ**
সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৩।

### প্রজ্ঞাপন

তারিখ : ২৯ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৩ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ১০.০০.০০০০.১২৭.২৭.০০২.১৭-৫২৫**—যেহেতু, নারায়ণগঞ্জের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে মাদারীপুরের যুগ্ম-জেলা ও দায়রা জজ বেগম লায়লাতুল ফেরদৌস-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) মোতাবেক যথাক্রমে-অদক্ষতা ও অসদাচরণ অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তাঁর বিরুদ্ধে ০২/২০১৭ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, বেগম লায়লাতুল ফেরদৌস এর বিরুদ্ধে রুজুকৃত ০২/২০১৭ নং বিভাগীয় মামলায় আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) মোতাবেক যথাক্রমে-অদক্ষতা ও অসদাচরণ অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষণ করেন;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নারায়ণগঞ্জের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে মাদারীপুরের যুগ্ম-জেলা ও দায়রা জজ বেগম লায়লাতুল ফেরদৌস-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০২/২০১৭ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

---

## শিল্প মন্ত্রণালয়
## পরি-৩ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৫ ভাদ্র ১৪২৫ বঃ/২০ আগস্ট ২০১৮ খ্রিঃ

**নং ৩৬.০০.০০০০.০৮৪.১৪.০০৬.১১/২৭৪**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিক কর্তৃক বাস্তবায়নাধীন 'সর্বজনীন আয়োডিনযুক্ত লবণ তৈরি কার্যক্রমের মাধ্যমে আয়োডিন ঘাটতিপূরণ ৩য় পর্যায় (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের অনুমোদিত আরডিপিপিতে শিল্প মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিসিক এবং সিআইডিডি প্রকল্পে প্রতিনিধির সমন্বয়ে আন্তঃমন্ত্রণালয়ের কমিটি কর্তৃক পটাশিয়াম আয়োডেট উৎপাদন কারখানা স্থাপন সংক্রান্ত সমীক্ষা পরিচালনার উল্লেখ থাকায় শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধানকে আহবায়ক করে বিসিক, পরিকল্পনা কমিশন ও প্রকল্পের প্রতিনিধির সমন্বয়ে নিম্নোক্ত ৭ (সাত) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১. যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. পরিচালক (প্রকল্প), বিসিক

৩. উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়

৪. পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের ১জন প্রতিনিধি

৫. মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বিসিক, ঢাকা

৬. প্রকল্প পরিচালক, সিআইডিডি (৩য় ফেজ) (২য় সংশোধিত) প্রকল্প

**সদস্য-সচিব**

৭. সিনিয়র সহকারী প্রধান, পরি-৩ শাখা, শিল্প মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি :**

ক) কমিটি পটাশিয়াম আয়োডেট উৎপাদন কারখানা স্থাপনের লক্ষ্যে দেশে পটাশিয়াম আয়োডেটের সামগ্রিক চাহিদা নিরূপন করতঃ Cost-benefit Analysis করে পটাশিয়াম আয়োডেট উৎপাদন কারখানা স্থাপন বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন আদেশ জারির ২ (দুই) মাসের মধ্যে সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর দাখিল করবে;

খ) কমিটি লবণ মিল মালিকসহ সংশ্লিষ্ট স্টোকহোল্ডারদের সাথে মত বিনিময় সভা করে মতামত/পরামর্শ গ্রহণ করবে;

গ) প্রকল্পের অনুমোদিত আরডিপিপির সংস্থান অনুযায়ী সমীক্ষা পরিচালনার ব্যয় নির্বাহ করতে হবে;

ঘ) সিআইডিডি প্রকল্প পরিচালকের কার্যালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে; এবং

ঙ) সমীক্ষাটি শিল্প সচিব মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**
সিনিয়র সহকারী প্রধান।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ১৪ ভাদ্র ১৪২৫/২৯ আগস্ট ২০১৮

**নং ৩১.০০.০০০০.০৪৯.০০৬.১৬-২২০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জেএল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১২৯ | মাদবরের চর | ০৫ | শিবচর | মাদারীপুর |

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৪২.২০১০-২২১**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জেএল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পাটিকাবাড়ী | ৬৭ | পাবনা সদর | পাবনা |
| ২ | গাংকুলা | ৮১ | পাবনা সদর | পাবনা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
## গবেষণা ও বৃত্তি শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৯ ভাদ্র ১৪২৫/০৩ সেপ্টেম্বর ২০১৮

**নং ৫৬.০০.০০০০.০২৮.০৬.০৮৮.১৭-৩৩১**—"তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬" এর ১২(ক) এবং ১৯.১ অনুচ্ছেদ অনুযায়ী ২০১৮-১৯ অর্থবছরে নিম্নে বর্ণিত কর্মকর্তা/ব্যক্তির সমন্বয়ে বাছাই কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১. অতিরিক্ত সচিব (আইসিটি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**সদস্যবৃন্দ**

২. জনাব মোঃ এনামুল কবির, পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

৩. ড. মোঃ শরীফুল ইসলাম, অধ্যাপক ও পরিচালক, তথ্যপ্রযুক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

৪. ড. খন্দকার আব্দুল্লাহ আল মামুন, অধ্যাপক, সিএসই বিভাগ, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

৫. ড. এম. আশরাফুল আমিন, সহযোগী অধ্যাপক, সিএসই বিভাগ, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ

৬. জনাব মোহাম্মদ মাকসুদুর রহমান ভূঁইয়া, অতিরিক্ত পরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৭. এটুআই প্রকল্প এর একজন উপযুক্ত প্রতিনিধি

৮। প্রধানমন্ত্রীর কার্যালয়ের জিআইইউ এর একজন উপযুক্ত প্রতিনিধি

৯। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পর্যায়ের)

১০। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পর্যায়ের)

১১। জনাব মোহাম্মদ লুৎফুর রহমান, পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

১২। BASIS এর প্রতিনিধি

১৩। জনাব আরিফুল হাসান অপু প্রতিষ্ঠাতা, বাংলাদেশ ইনোভেশন ফোরাম

১৪। ড. মোহাম্মদ জাহিদুর রহমান, অধ্যাপক, সিএসই বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বিষয়বস্তু বিশেষজ্ঞ)

১৫। ড. সৈয়দ আকতার হোসেন, অধ্যাপক, সিএসই বিভাগ, ডেফোডিল বিশ্ববিদ্যালয় (বিষয়বস্তু বিশেষজ্ঞ)

**সদস্য-সচিব**

১৬। যুগ্মসচিব (ই-সার্ভিস ডেলিভারী), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**কমিটির কার্যপরিধি :**

বাছাই কমিটি সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীদের দাখিলকৃত আবেদনপত্র যাচাই, বাজেট পরীক্ষাকরণ, তুলনামূলক বিবরণী প্রস্তুত, দ্বৈততা পরীক্ষাকরণ, সাক্ষাৎকার/উপস্থাপনা গ্রহণ, প্রয়োজনে প্রজেক্ট পরিদর্শন/মূল্যায়নপূর্বক ফেলোশিপ/অনুদান প্রদানের জন্য প্রার্থী নির্বাচন করবে। কমিটি বাছাইকৃত প্রার্থীদের তালিকা প্রস্তুত করে এওয়ার্ড কমিটির নিকট অনুমোদনের জন্য পেশ করবে। বাছাই কমিটি প্রয়োজনবোধে বিষয়বস্তু বিশেষজ্ঞ সদস্যের সমন্বয়ে একটি সাব কমিটি গঠন করতে পারবে।

**নং ৫৬.০০.০০০০.০২৮.০৬.০৮৮.১৭-৩৩২**—"তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬" এর ২৪ নং অনুচ্ছেদ অনুযায়ী ২০১৮-১৯ অর্থবছরে নিম্নে বর্ণিত কর্মকর্তা/ব্যক্তির সমন্বয়ে বিশেষ অনুদান আবেদনপত্র বাছাই কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। অতিরিক্ত সচিব (আইসিটি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**সদস্যবৃন্দ**

২। অর্থ বিভাগ এর যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা

৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি

৪। জনাব আবু সাঈদ মোঃ লতিফুল হক, অধ্যাপক, সিএসই বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

৫। অধ্যাপক, সিএসই বিভাগ, নর্থ সাউথ ইউনিভার্সিটি

৬। জনাব মোঃ এনামুল কবির, পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

৭। এটুআই প্রকল্প এর একজন উপযুক্ত প্রতিনিধি

৮। BASIS এর প্রতিনিধি (আইসিটি ইন্ডাস্ট্রি)

৯। BACCO এর প্রতিনিধি (আইসিটি ইন্ডাস্ট্রি)

**সদস্য-সচিব**

১০। যুগ্মসচিব (ই-সার্ভিস ডেলিভারী), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**কমিটির কার্যপরিধি :**

(১) কমিটি সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই/সাক্ষাৎকার/উপস্থাপনা গ্রহণপূর্বক বিশেষ অনুদান প্রদানের জন্য সংস্থা/প্রতিষ্ঠান/শিক্ষার্থী/ব্যক্তি নির্বাচন ও সুপারিশ করবে এবং অনুমোদনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে পেশ করবে;

(২) কমিটি প্রয়োজনবোধে নির্দিষ্ট সংখ্যক বিশেষজ্ঞের সমন্বয়ে সাব-কমিটি গঠন করতে পারবে;

(৩) উক্ত সুপারিশ বিবেচনায় নিয়ে আইসিটি বিভাগ বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে চূড়ান্ত অনুমোদন প্রদান করবে। বাছাই কমিটির সুপরিশ গ্রহণ/বাতিলের ক্ষমতা আইসিটি বিভাগের থাকবে।

**নং ৫৬.০০.০০০০.০২৮.০৬.০৮৮.১৭-৩৩৩**—"তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬" এর ১২(গ) অনুচ্ছেদ অনুযায়ী ২০১৮-১৯ অর্থবছরে নিম্নে বর্ণিত কর্মকর্তা/ব্যক্তির সমন্বয়ে ফেলোশিপ ও উদ্ভাবনীমূলক প্রকল্পে মূল্যায়ন কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১। ড. মোঃ সাইদুর রহমান, অধ্যাপক, সিএসই বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

**সদস্যবৃন্দ**

২। জনাব মোঃ খায়রুল আমীন, যুগ্মসচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৩। জনাব মোঃ লুৎফুর রহমান, পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৪। জনাব মোঃ এনামুল কবির, পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

৫। জনাব মোহাম্মদ মাকসুদুর রহমান ভূঁইয়া, অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৬। ড. মোহাম্মদ শরীফ উদ্দিন, অধ্যাপক, সিএসই বিভাগ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

৭। ড. মোঃ মাহবুবুল আলম জোয়ার্দার, অধ্যাপক, তথ্যপ্রযুক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

৮। ড. মোঃ আব্দুর রাজ্জাক, অধ্যাপক, সিএসই বিভাগ, গ্রীন বিশ্ববিদ্যালয়

৯। এটুআই এর একজন উপযুক্ত প্রতিনিধি

১০। BASIS এর প্রতিনিধি

**সদস্য-সচিব**

১১। যুগ্মসচিব (ই-সার্ভিস ডেলিভারী), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**কমিটির কার্যপরিধি :**

মূল্যায়ন কমিটি ফেলোশিপ অথবা অনুদানপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের কাজের মূল্যায়ন করবে এবং ব্যক্তি/প্রতিষ্ঠানের ফেলোশিপ অথবা অনুদান নবায়ন অথবা প্রয়োজনে বাতিলের জন্য এওয়ার্ড কমিটির নিকট সুপারিশ প্রেরণ করবে। কমিটি প্রয়োজনবোধে নির্দিষ্ট সংখ্যক বিশেষজ্ঞ সমন্বয়ে একটি সাব কমিটি গঠন করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবুল খায়ের**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃংখলা অধিশাখা**

**আদেশ**

তারিখ : ২৯ আগস্ট ২০১৮ খ্রিঃ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৫.২০১৭-৩০২**—যেহেতু, ডাঃ সৈয়দা হাসানাত রাজিয়া (১০০৫৫৯৭), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ২১-১২-২০১২ খ্রিঃ হতে ০৫-১১-২০১৭ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০২-০৭-২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৫.২০১৭-২২২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ২৭তম বিসিএস এ নিয়োগপ্রাপ্ত হয়ে ১৮-১১-২০০৮ তারিখে যোগদান করেন। পরবর্তীতে তিনি ১৫-০১-২০১২ হতে ২০-১২-২০১২ পর্যন্ত ওএসডি ছিলেন। তিনি ২য় সন্তানের গর্ভজনিত জটিলতার জন্য অসুস্থ হয়ে পড়েন। পরবর্তীতে Post Caesarean Complication & Maternity Blue এর কারণে তিনি পারিবারিক অশান্তি ও মানসিক বিপর্যস্ততার মধ্যে দিনাতিপাত করছেন। তার পক্ষে নিয়মিত কাজে যোগদান করা ও কাজ চালিয়ে যাওয়া অসম্ভব হয়ে পড়ে। বর্তমানে তার মানসিক ও শারীরিক অবস্থা স্থিতিশীল মনে হওয়ায় তিনি কাজে যোগদান করে নিয়মিত কাজ করতে আগ্রহী। তিনি তার অসদাচরণের জন্য ক্ষমাপ্রার্থী।

সেহেতু, ডাঃ সৈয়দা হাসানাত রাজিয়া (১০০৫৫৯৭), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর কারণ দর্শানোর জবাব ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী পর্যালোচনান্তে মানবিক কারণে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং তাঁকে ভবিষ্যতে সরকারি চাকুরির নিয়মকানুন যথাযথভাবে পালনের পরামর্শ প্রদান করা হলো। তাঁর চাকুরির ধারাবাহিকতা বজায় রাখার জন্য ২১-১২-২০১২ খ্রিঃ হতে ০৫-১১-২০১৭ খ্রিঃ পর্যন্ত মোট ৪ বৎসর ১০ মাস ১৬ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুর করা হলো এবং মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৪.২০১৮-৩০৩**—যেহেতু, ডাঃ মোহাম্মদ রায়হান-উল-কবীর (১২০৩০৬), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট, চর্ম ও যৌন পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেড়ামারা, কুষ্টিয়া গত ১৪-১২-২০১০ খ্রিঃ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ১৫-১২-২০১০ খ্রিঃ হতে তাঁর সরকারি চাকরিতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১) এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ মোহাম্মদ রায়হান-উল-কবীর (১২০৩০৬), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট, চর্ম ও যৌন পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেড়ামারা, কুষ্টিয়ার কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৫-১২-২০১৫ খ্রিঃ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ১৪-১২-২০১০ খ্রিঃ হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**আদেশ**

তারিখ : ২৯ আগস্ট ২০১৮ খ্রিঃ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৮-৩০৪**—যেহেতু, ডাঃ রতন বিকাশ বুদ্র (৩৯৬২১), সিনিয়র কনসালটেন্ট (ইএনটি), আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ পারিবারিক কারণে গত ১৬-০৫-২০১৭ খ্রিঃ হতে ১৪-০৬-২০১৭ খ্রিঃ পর্যন্ত অর্জিত ছুটিতে যান এবং অর্জিত ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০৬-০৬-২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.৩৩.২০১৮-১৮৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ রতন বিকাশ বুদ্র (৩৯৬২১) বিগত ১৩-০৭-২০১৭ ইং হবিগঞ্জ হতে চট্টগ্রাম আসার পথে শায়েস্তাগঞ্জ রেলস্টেশনে ট্রেনে উঠার পূর্বে আঘাতপ্রাপ্ত হন এবং পরবর্তীতে তিন মাস চট্টগ্রামের বাসায় শয্যাশায়ী ছিলেন। তিন মাস পর ব্যাথা কিছুটা কমায় পুনরায় হবিগঞ্জে যোগদানের চেষ্টা করলে কোমর ব্যাথা নিয়ে চট্টগ্রাম থেকে হবিগঞ্জ যাতায়াতে শারীরিকভাবে অসমর্থ হওয়ায় যোগদান করতে পারেন নাই। বর্তমানে তিনি কোমর ব্যাথা নিয়ে চট্টগ্রামের বাসায় আছেন। চিকিৎসক তাঁকে কোমর ও শরীরের ব্যাথার জন্য দীর্ঘক্ষণ বসা, দাঁড়ানো এবং দূরবর্তী যাতায়াত নিষেধ করেছেন বিধায় চট্টগ্রাম থেকে হবিগঞ্জ যাতায়াত তার পক্ষে ভীষণ কষ্টের। তাঁর অনুপস্থিতির দিনগুলো অর্জিত ছুটি হিসেবে গণ্য করে পরবর্তীতে চট্টগ্রাম জেলায় পদায়নের জন্য অনুরোধ করেন। তিনি acute lamber back pain এ ভুগছেন। এর স্বপক্ষে তিনি মেডিকেল সার্টিফিকেট দাখিল করেছেন।

সেহেতু, ডাঃ রতন বিকাশ বুদ্র (৩৯৬২১), সিনিয়র কনসালটেন্ট (ইএনটি), আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ এর কারণ দর্শানোর জবাব ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী পর্যালোচনান্তে এর শারীরিক অবস্থার কথা বিবেচনা করে মানবিক কারণে তাঁর

বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং মামলাটি নিষ্পত্তি করা হলো। তাঁর অনুপস্থিতকালীন সময়কে ১৩-০৭-২০১৭ হতে ১২-০৮-২০১৮ খ্রিঃ পর্যন্ত ( মোট ১ বৎসর ১ মাস ২৮ দিন) ছুটির প্রাপ্যতা সাপেক্ষে গড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**জনস্বাস্থ্য-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৫ বঃ/১২ আগস্ট ২০১৮ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০০.১৬১.১৩৭.১৪.১৭-৩১০**—স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতে কার্যকর এসবিসিসি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রণীত "Comprehensive Social and Behaviour Change Communication (SBCC) Strategy" ২০১৬ প্রণীত হয়। এই কৌশলপত্রের আলোকে সারাদেশে সমন্বিত ও সুসংহত সামাজিক ও আচরণ পরিবর্তন যেগাযোগ (এসবিসিসি) কার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সমন্বয়ের নিমিত্ত জাতীয় পর্যায় হতে মাঠ পর্যায় পর্যন্ত নিম্নরূপ কমিটিসমূহ গঠন করা হলো :

২। **এইচপিএন এসবিসিসি কৌশল সংক্রান্ত জাতীয় স্টিয়ারিং কমিটি**

**ক) গঠন :**

**চেয়ারম্যান**

(১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**কো-চেয়ারম্যান**

(২) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(৩) অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য) স্বাস্থ্য সেবা বিভাগ

(৪) অতিরিক্ত সচিব (পরিবার কল্যাণ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(৫) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/মহাপরিচালক, বি এন এন সি

(৬) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৭) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর

(৮) মহাপরিচালক, নিপোর্ট

(৯) মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর

(১০) প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (যুগ্মসচিবের নীচে নহে)

(১১) প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় (যুগ্মসচিবের নীচে নহে)

(১২) যুগ্ম প্রধান, পরিকল্পনা কোষ, স্বাস্থ্য সেবা বিভাগ

(১৩) উপ-প্রধান, পরিকল্পনা কোষ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(১৪) পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও লাইন ডিরেক্টর, জাতীয় পুষ্টি সেবা (এনএনএস), স্বাস্থ্য অধিদপ্তর

(১৫) পরিচালক, আইইএম ও লাইন ডিরেক্টর, আইইসি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(১৬) চীফ, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো ও লাইন ডিরেক্টর, এলএসএইচইপি, স্বাস্থ্য অধিদপ্তর

(১৭) প্রকল্প পরিচালক/ ফোকাল পয়েন্ট (এইচপিএনএসপি প্রকল্প), বাংলাদেশ টেলিভিশন

(১৮) পরিচালক, জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল, বাংলাদেশ বেতার

(১৯) প্রতিনিধি, ইউএসএআইডি, ঢাকা

(২০) প্রতিনিধি, ইউএনএফপিএ, ঢাকা

(২১) প্রতিনিধি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ঢাকা

(২২) প্রতিনিধি, ডিএফআইডি, ঢাকা

(২৩) প্রতিনিধি, ইউনিসেফ, ঢাকা

(২৪) প্রতিনিধি, এফএও, ঢাকা

(২৫) প্রতিনিধি, এইচপিএন এসবিসিসি কার্যক্রমে সম্পৃক্ত বেসরকারি সংস্থা (কমিটি কর্তৃক মনোনীত)

(২৬) প্রতিনিধি, বিসিসিপি, ঢাকা (দেশীয় বেসরকারি স্ট্র্যাটেজীক কমিউনিকেশন সংগঠন)

**সদস্য-সচিব**

(২৭) যুগ্মসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**খ) কার্যপরিধি :**

১. স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টিনীতির আলোকে এসবিসিসি বিষয়ক নীতি/কৌশল/কর্মপরিকল্পনা অনুমোদন;

২. এইচপিএন এসবিসিসি কার্যক্রম বাস্তবায়ন ও সমন্বয় সাধনের দিকনির্দেশনা প্রদান;

৩. এইচপিএন এসবিসিসি সংক্রান্ত জাতীয় প্রতিবেদন পর্যালোচনা এবং তার আলোকে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ;

৪. এসবিসিসি কার্যক্রমের অগ্রগতি এবং ফলাফল পর্যালোচনা ও মূল্যায়ন; এবং

৫. কমিটি বছরে কমপক্ষে দুইবার সভায় মিলিত হবেন এবং ন্যূনতম এক-তৃতীয়াংশ সদস্য সমন্বয়ে সভার কোরাম গঠিত হবে। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। **এইচপিএন এসবিসিসি কৌশল বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত জাতীয় কমিটি**

**ক) গঠন :**

**চেয়ারম্যান**

(১) অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য) স্বাস্থ্য সেবা বিভাগ

**কো-চেয়ারম্যান**

(২) অতিরিক্ত সচিব (পরিবার কল্যাণ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

**সদস্যবৃন্দ**

(৩) যুগ্ম প্রধান, পরিকল্পনা কোষ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৪) পরিচালক, আইপিএইচএন ও লাইন ডিরেক্টর, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস (এনএনএস), স্বাস্থ্য অধিদপ্তর

(৫) পরিচালক, আইইএম ও লাইন ডিরেক্টর, আইইসি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৬) চীফ, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো ও লাইন ডিরেক্টর, এলএসএইচইপি, স্বাস্থ্য অধিদপ্তর

(৭) পরিচালক, এমআইএস ও লাইন ডিরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর

(৮) পরিচালক, এমআইএস ও লাইন ডিরেক্টর, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৯) পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর

(১০) লাইন ডিরেক্টর, এমএনসিএন্ডএইচ, স্বাস্থ্য অধিদপ্তর

(১১) লাইন ডিরেক্টর, টিবি- লেপ্রোসি এন্ড এইডস/এসটিডি প্রোগ্রাম (টিবিএলএন্ডএএসপি), স্বাস্থ্য অধিদপ্তর

(১২) লাইন ডিরেক্টর, কমিউনিটি বেইসড হেলথ কেয়ার (সিবিএইসসি), স্বাস্থ্য অধিদপ্তর

(১৩) লাইন ডিরেক্টর, এমসিআরএএইচএফপি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(১৪) লাইন ডিরেক্টর, সিসিএসডিপি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(১৫) লাইন ডিরেক্টর, এফপিএফএসডি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(১৬) উপ-প্রধান, পরিকল্পনা কোষ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(১৭) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন

(১৮) প্রতিনিধি, মহাপরিচালক, নিপোর্ট

(১৯) প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয়

(২০) প্রতিনিধি, ঔষধ প্রশাসন অধিদপ্তর

(২১) প্রতিনিধি, গণযোগাযোগ অধিদপ্তর

(২২) প্রকল্প পরিচালক/ফোকাল পয়েন্ট (এইচপিএনএসপি প্রকল্প), বাংলাদেশ টেলিভিশন

(২৩) পরিচালক, জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল, বাংলাদেশ বেতার

(২৪) প্রতিনিধি, ইউএসএআইডি, ঢাকা

(২৫) প্রতিনিধি, ইউএনএফপিএ, ঢাকা

(২৬) প্রতিনিধি, বিশ্বস্বাস্থ্য সংস্থা, ঢাকা

(২৭) প্রতিনিধি, ডিএফআইডি, ঢাকা

(২৮) প্রতিনিধি, ইউনিসেফ, ঢাকা

(২৯) প্রতিনিধি, এফএও, ঢাকা

(৩০) প্রতিনিধি, এইচপিএন এসবিসিসি কার্যক্রমে সম্পৃক্ত বেসরকারি সংস্থা (কমিটি কর্তৃক মনোনীত)

(৩১) পরিচালক, বিসিসিপি, ঢাকা (দেশীয় বেসরকারি স্ট্র্যাটেজীক কমিউনিকেশন সংগঠন)

**সদস্য-সচিব**

(৩২) যুগ্মসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

খ) এইচপিএন এসবিসিসি কৌশল বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত জাতীয় কমিটির কার্যপরিধি :

১. স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টিনীতির আলোকে এসবিসিসি সংক্রান্ত জাতীয় কর্মকৌশল/কর্মপরিকল্পনা প্রণয়ন;

২. এইচপিএনএসপি-এর এসবিসিসি কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন;

৩. এসবিসিসি কার্যক্রমের জন্য বিনিয়োগ বৃদ্ধি এবং কার্যকর সমন্বয়ের মাধ্যমে সম্পদের সর্বোত্তম ব্যবহার তদারকি;

৪. এইচপিএন এসবিসিসি-তে আইসিটি'র ব্যবহারকে উৎসাহিত করা;

৫. এইচপিএন এসবিসিসি জাতীয় স্টিয়ারিং কমিটিতে প্রতিবেদন উপস্থাপন;

৬. কমিটি প্রতি ০৩ মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবেন এবং ন্যূনতম এক-তৃতীয়াংশ সদস্য সমন্বয়ে সভার কোরাম গঠিত হবে। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। **ওপি পর্যায়ে এইচপিএন এসবিসিসি সমন্বয় কমিটি**

**ক) গঠন :**

**সভাপতি**

(১) পরিচালক, আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/পরিচালক, আইপিএইচএন, স্বাস্থ্য অধিদপ্তর/ চীফ, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর (আবর্তন প্রক্রিয়ায় সভাপতির দায়িত্ব পালন করবেন)

**সদস্যবৃন্দ**

(২) লাইন ডিরেক্টর, টিবি-লেপ্রোসি এন্ড এইডস/এসটিডি প্রোগ্রাম (টিবিএলএন্ডএএসপি), স্বাস্থ্য অধিদপ্তর

(৩) লাইন ডিরেক্টর, কমিউনিটি বেইসড হেলথ কেয়ার (সিবিএইচসি), স্বাস্থ্য অধিদপ্তর

(৪) পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর

(৫) লাইন ডিরেক্টর, এমএনসিএন্ডএইচ, স্বাস্থ্য অধিদপ্তর

(৬) লাইন ডিরেক্টর, এমসিআরএএইচএফপি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৭) লাইন ডিরেক্টর, ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী (সিসিএসডিপি), পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৮) লাইন ডিরেক্টর, ফ্যামিলি প্ল্যানিং ফিল্ড সার্ভিসেস ডেলিভারী (এফপি-এফএসডি), পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৯) প্রতিনিধি, বিসিসিপি (জাতীয় পর্যায়ের স্ট্র্যাটেজীক কমিউনিকেশন সংগঠন হিসাবে)

(১০) প্রতিনিধি, এইচপিএন এসবিসিসি কার্যক্রমে সম্পৃক্ত বেসরকারি সংস্থা (কমিটি কর্তৃক মনোনীত)

**খ) কার্যপরিধি :**

১. এইচপিএন এসবিসিসি কার্যক্রম সমন্বয় ও সুসংহত করা এবং পুষ্টি ও টিবি বিষয়ক বার্তা মূলধারায় আনয়ন;

২. কম্যুনিটীর সকল স্তরে সমন্বিত এইচপিএন বিষয়ক বার্তা ও উপকরণ প্রস্তুতে সহযোগিতা প্রদান;

৩. বিএইচই, আইপিএইচএন ও আইইএম ইউনিটের কৌশলপত্র ও কর্মপরিকল্পনার সাথে অন্যান্য ওপিসমূহের বিসিসি কম্পোনেন্টের সমন্বয়ের মাধ্যমে এসবিসিসি কার্যক্রমে বিনিয়োগ বৃদ্ধি ও সম্পদের সর্বোত্তম ব্যবহার;

৪. অগ্রাধিকারপ্রাপ্ত উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে পৌঁছানোর লক্ষ্যে চিহ্নিত টুলস্/প্রযুক্তির সুবিধা গ্রহণের কৌশলপত্র প্রণয়ন;

৫. এইচপিএন এসবিসিসি সেবা প্রদানে আইসিটি'র ব্যবহার উৎসাহিত করা;

৬. বিএইচই, আইপিএইচএন ও আইইএম ইউনিট আবর্তন প্রক্রিয়ায় কমিটির সাচিবিক কার্যক্রম পরিচালনা করবেন। প্রয়োজনে স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিসিসি কার্যক্রমের সাথে সম্পৃক্ত অন্যান্য আগ্রহী ইউনিটের প্রতিনিধিকেও কো-অপ্ট করতে বা সভায় যোগদানের আমন্ত্রণ জানাতে পারবেন। কমিটি কমপক্ষে প্রতি ২ মাস অন্তর সভা অনুষ্ঠান করবেন।

৫। **জেলা এইচপিএন এসবিসিসি সমন্বয় কমিটি**

**ক) গঠন :**

**চেয়ারম্যান**

(১) সিভিল সার্জন, স্বাস্থ্য অধিদপ্তর

**কো-চেয়ারম্যান**

(২) উপপরিচালক, পরিবার পরিকল্পনা

**সদস্যবৃন্দ**

(৩) সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)

(৪) ডেপুটি সিভিল সার্জন/মেডিক্যাল অফিসার (সিভিল সার্জন)

(৫) সিনিয়র/জুনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, সিভিল সার্জন কার্যালয়

(৬) জেলা তথ্য কর্মকর্তা, গণযোগাযোগ অধিদপ্তর

(৭) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

(৮) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

(৯) প্রতিনিধি, এইচপিএন এসবিসিসি কার্যক্রমে সম্পৃক্ত বেসরকারি সংস্থা (কমিটি কর্তৃক মনোনীত)

**খ) কার্যপরিধি :**

১. জেলা পর্যায়ে এইচপিএন এসবিসিসি কার্যক্রমের পরিকল্পনা, বাস্তবায়ন, সমন্বয় ও পরিবীক্ষণ;

২. এইচপিএন এসবিসিসি কার্যক্রমের সাথে পুষ্টি ও টিবি বিষয়ক কার্যাবলী ও বার্তার সমন্বয় সাধন;

৩. এইচপিএন এসবিসিসি সেবা প্রদানে আইসিটি ব্যবহার উৎসাহিত করা;

৪. সিভিল সার্জন ও উপপরিচালক, পরিবার পরিকল্পনা আবর্তন প্রক্রিয়ায় সাচিবিক কার্যক্রম পরিচালনা করবেন; এবং

৫. কমিটি কমপক্ষে প্রতি ২ মাস অন্তর সভা অনুষ্ঠান করবে। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

৬। **উপজেলা এইচপিএন এসবিসিসি সমন্বয় কমিটি**

**ক) গঠন :**

**চেয়ারম্যান**

(১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

**কো-চেয়ারম্যান**

(২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

**সদস্যবৃন্দ**

(৩) মেডিক্যাল অফিসার (সার্ভিল্যান্স/ইপিআই)

(৪) সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

(৫) উপজেলা তথ্য কর্মকর্তা, গণযোগাযোগ অধিদপ্তর

(৬) স্বাস্থ্য পরিদর্শক (সকল)

(৭) পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল)

(৮) প্রতিনিধি, এইচপিএন এসবিসিসি কার্যক্রমে সম্পৃক্ত বেসরকারি সংস্থা (কমিটি কর্তৃক মনোনীত)

(৯) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল)

**খ) কার্যপরিধি :**

১. উপজেলা পর্যায়ে এইচপিএন এসবিসিসি কার্যক্রমের পরিকল্পনা, বাস্তবায়ন, সমন্বয় ও পরিবীক্ষণ;

২. এইচপিএন এসবিসিসি কার্যক্রমের সাথে পুষ্টি ও টিবি বিষয়ক কার্যাবলী ও বার্তার সমন্বয় সাধন;

৩. এইচপিএন এসবিসিসি সেবা প্রদানে আইসিটি ব্যবহার উৎসাহিত করা;

৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় আবর্তন প্রক্রিয়ায় সাচিবিক কার্যক্রম পরিচালনা করবেন; এবং

৫. কমিটি প্রতিমাসে কমপক্ষে একবার সভা অনুষ্ঠান করবে। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৭। **কেন্দ্রীয় বিসিসি ওয়ার্কিং গ্রুপ**

**ক) গঠন :**

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ

**কো-চেয়ারম্যান**

(২) অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

**সদস্যবৃন্দ**

(৩) পরিচালক, আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৪) পরিচালক, আইপিএইচএন, স্বাস্থ্য অধিদপ্তর

(৫) চীফ, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর

(৬) লাইন ডিরেক্টর, টিবি-লেপ্রোসি এন্ড এইডস/এসটিডি প্রোগ্রাম (টিবিএলএন্ডএএসপি), স্বাস্থ্য অধিদপ্তর

(৭) লাইন ডিরেক্টর, কমিউনিটি বেইসড হেলথ কেয়ার (সিবিএইসসি), স্বাস্থ্য অধিদপ্তর

(৮) পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর

(৯) লাইন ডিরেক্টর, এমএনসিএন্ডএইচ, স্বাস্থ্য অধিদপ্তর

(১০) লাইন ডিরেক্টর, এমসিআরএএইচ-এফপি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(১১) লাইন ডিরেক্টর, ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী (সিসিএসডিপি), পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(১২) লাইন ডিরেক্টর, এফপি-এফএসডি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(১৩) প্রতিনিধি, এইচপিএন এসবিসিসি কার্যক্রমে সম্পৃক্ত ও আগ্রহী বেসরকারি সংস্থা, আন্তর্জাতিক সংস্থা, উন্নয়ন সহযোগী ও ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান (কমিটি কর্তৃক মনোনীত)

**খ) কার্যপরিধি :**

১. এইচপিএন এসবিসিসি কার্যক্রমে সরকারি- বেসরকারি সমন্বয় সাধন এবং বিশেষজ্ঞ মতামত/অভিজ্ঞতা বিনিময়;

২. সরকারি নীতি/ কৌশল/কর্মপরিকল্পনার আলোকে নন-স্টেট এ্যাক্টরদের পরিপূরক কার্যক্রম গ্রহণে উদ্বুদ্ধ/সহায়তা করা;

৩. এসবিসিসি সংক্রান্ত প্রশিক্ষণ, গবেষণা, ওয়ার্কশপ/সেমিনার আয়োজন;

৪. বিসিসি ওয়ার্কিং গ্রুপ ওয়েবসাইট সংরক্ষণ ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের পদ্ধতিগত দিক-নির্দেশনা;

৫. এসবিসিসি কার্যক্রম সম্প্রসারণের জন্য বিনিয়োগ বৃদ্ধির প্রক্রিয়া পর্যালোচনা ও পরিকল্পনা প্রণয়ন;

৬. দ্বি-মাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠান এবং প্রয়োজনে সাব-গ্রুপ গঠন;

৭. বিএইচই, আইপিএইচএন ও আইইএম ইউনিট আবর্তন প্রক্রিয়ায় ওয়ার্কিং গ্রুপের সাচিবিক কার্যক্রম পরিচালনা করবেন;

৮. কমিটি প্রয়োজনে সদস্য/প্রতিনিধি কো-অপ্ট করতে পারবে।

৮। **বিভাগীয় বিসিসি ওয়ার্কিং গ্রুপ**

**ক) গঠন :**

**সভাপতি**

(১) বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

**কো-চেয়ারম্যান**

(২) বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

**সদস্যবৃন্দ**

(৩) বিভাগীয় তথ্য কর্মকর্তা

(৪) সিভিল সার্জন (বিভাগস্থ সদর জেলা)

(৫) উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা (বিভাগস্থ সদর জেলা)

(৬) সিনিয়র/জুনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর (বিভাগস্থ সদর জেলা)

(৭) সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা (বিভাগস্থ সদর জেলা)

(৮) প্রতিনিধি, বিভাগীয় পর্যায়ে এইচপিএন কার্যক্রমে নিয়োজিত প্রজেক্ট/বেসরকারি সংস্থা (কমিটি মনোনীত)

**সদস্য-সচিব**

(৯) বিভাগীয় স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর

**খ) কার্যপরিধি :**

১. বিভাগীয় পর্যায়ে সরকারি-বেসরকারি এইচপিএন এসবিসিসি কার্যক্রমের সমন্বয় সাধন ও বিশেষজ্ঞ মতামত/অভিজ্ঞতা বিনিময়;

২. সরকারি নীতি/কৌশল/কর্মপরিকল্পনার আলোকে নন-স্টেট এ্যাক্টরদের পরিপূরক কার্যক্রম গ্রহণে উদ্বুদ্ধ/সহায়তা;

৩. এসবিসিসি সংক্রান্ত প্রশিক্ষণ গবেষণা, ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করা;

৪. এসবিসিসি কার্যক্রম সম্প্রসারণের জন্য বিনিয়োগ বৃদ্ধির প্রক্রিয়া পর্যালোচনা ও পরিকল্পনা প্রণয়ন;

৫. দ্বি-মাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠান এবং প্রয়োজনে সাব-গ্রুপ গঠন

৬. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা) এর কার্যালয় আবর্তন প্রক্রিয়ায় বিসিসি ওয়ার্কিং গ্রুপের সাচিবিক কার্যক্রম পরিচালনা করবেন।

৯। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই প্রজ্ঞাপন জারি করা হলো।

নং ৪৫.০০.০০০০.১৬১.০০৬.০৩.১৮-৩১১—বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ অনুমোদিত দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা (২০১৬-২০২৫)'র আলোকে জেলা ও উপজেলা পর্যায়ে পুষ্টি সমন্বয়ের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো :

২। **জেলা পুষ্টি সমন্বয় কমিটি :**

(ক) **কমিটির গঠন**

**উপদেষ্টা**

১. জেলা পরিষদ চেয়ারম্যান (নির্বাচিত)

**সভাপতি**

২. জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

৩. পৌর মেয়র, সদর-এর প্রতিনিধি

৪. উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ

৫. উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

৭. জেলা মৎস্য কর্মকর্তা

৮. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

৯. জেলা তথ্য কর্মকর্তা

১০. জেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা

১১. জেলা সমাজ সেবা কর্মকর্তা

১২. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

১৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক

১৪. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১৫. জেলা শিক্ষা কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর

১৬. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

১৭. জেলা পরিষদের প্রতিনিধি

১৮. জেলা সমবায় কর্মকর্তা

১৯. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

২০. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন

২১. উপজেলা পুষ্টি সমন্বয় কমিটির সদস্য সচিব/ প্রতিনিধি

২২. উন্নয়ন সহযোগী সংস্থা/পুষ্টি বিশেষায়িত সংস্থা/ গবেষণা সংস্থার প্রতিনিধি

২৩. SUN সিভিল সোসাইটি এ্যালায়েন্সের প্রতিনিধি-০২ জন (সিভিল সার্জন কর্তৃক মনোনীত)

২৪. সাংবাদিক (স্থানীয়)-০২ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

২৫. স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক প্রতিনিধি-০২ জন (সিভিল সার্জন কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

২৬. সিভিল সার্জন

**খ) কমিটির কার্যপরিধি :**

১. দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্ম পরিকল্পনার আলোকে জেলা পর্যায়ে পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ণ;

২. পুষ্টিজ্ঞান সম্প্রসারণে তথ্য পুষ্টি বিষয়ে জনগণের সচেনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

৩. জেলা পর্যায়ে সার্বিক পুষ্টি উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন;

৪. পুষ্টি সপ্তাহ পালন;

৫. বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন;

৬. জেলা পুষ্টি সমন্বয় কমিটি প্রতি ২ মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে;

৭. ন্যূনতম এক তৃতীয়াংশ সদস্য সমন্বয়ে জেলা পুষ্টি সমন্বয় কমিটির সভার কোরাম গঠিত হবে।

৩। **উপজেলা পুষ্টি সমন্বয় কমিটি :**

(ক) **কমিটির গঠন**

**উপদেষ্টা**

১. উপজেলা পরিষদ চেয়ারম্যান

**সভাপতি**

২. উপজেলা নির্বাহী অফিসার

**সদস্যবৃন্দ**

৩. উপজেলা ভাইস-চেয়ারম্যান (নারী)

৪. উপজেলা ভাইস-চেয়ারম্যান (পুরুষ)

৫. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

৬. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

৭. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা

৮. উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা

৯. উপজেলা সমাজসেবা কর্মকর্তা

১০. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

১১. উপজেলা মৎস্য কর্মকর্তা

১২. উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা

১৩. উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১৪. স্কুল/কলেজ শিক্ষক প্রতিনিধি-০২ জন (ইউএইচএফপিও কর্তৃক মনোনীত)

১৫. স্থানীয় সাংবাদিক-০৩ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)

১৬. প্রতিনিধি, উন্নয় সহযোগী সংস্থা/বেসরকারি সংস্থা (NGO)-৩(তিন) জন (ইউএইচএফপিও কর্তৃক মনোনীত)

১৭. প্রতিনিধি, কমিউনিটি সাপোর্ট গ্রুপ

**সদস্য-সচিব**

১৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

**খ) কমিটির কার্যপরিধি :**

১. দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্ম পরিকল্পনার আলোকে উপজেলা পর্যায়ে পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ণ;

২. পুষ্টি বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

৩. পুষ্টি সপ্তাহ পালন;

৪. উপজেলা সার্বিক পুষ্টি উন্নয়ন কর্মসূচি/পরিকল্পনা প্রণয়ন;

৫. বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন;

৬. উপজেলা পুষ্টি সমন্বয় কমিটি প্রতি ২ মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে;

৭. ন্যূনতম এক তৃতীয়াংশ সদস্য সমন্বয়ে উপজেলা পুষ্টি সমন্বয় কমিটির সভার কোরাম গঠিত হবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপন জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ রুহুল আমিন তালুকদার**
যুগ্মসচিব।

## নির্মাণ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৭ আগস্ট ২০১৮ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০০.১৫৬.৯৯.০১৯.১৮-৪৯১**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় নির্মিতব্য বরিশাল জেলার উজিরপুর উপজেলার ৯ নং গুঠিয়া ইউনিয়নের গুঠিয়া ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণে কেন্দ্রের নাম "আলী আজিম খান গুঠিয়া ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র" হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলমগীর হোসেন**
উপসচিব।

---

## সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা

### পরিপত্র

তারিখ : ০৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

**বিষয় : বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার স্থাপনের লাইসেন্স প্রদান ও নবায়ন ফি পুনঃ নির্ধারণ**

**নং ৪৫.০০.০০০০.১৫৫.৯৯.০০৯.১৮-৮৭৫**—অর্থ বিভাগের ১২-০৮-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৪৫.২৭.০০১.১৫-৪৬ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে দেশের বিভিন্ন স্থানে বেসরকারি পর্যায়ে হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার স্থাপনের লাইসেন্স প্রদান ও নবায়ন ফি নিম্নোক্ত হারে পুনঃ নির্ধারণ করা হ'ল :

(ক) বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতাল :

| অবস্থান | পূর্বে নির্ধারিত বার্ষিক লাইসেন্স ফি | পুনঃনির্ধারিত বার্ষিক লাইসেন্স ফি ও নবায়ন ফি |
|---|---|---|
| দেশের যেকোন স্থানে স্থাপিত মেডিকেল কলেজ হাসপাতাল | ৫০০০/- | ২,৫০,০০০/- |

(খ) বেসরকারি হাসপাতাল/ক্লিনিক :

| অবস্থান ভিত্তিক ক্যাটাগরি | পূর্বে নির্ধারিত বার্ষিক লাইসেন্স ফি | পুনঃনির্ধারিত বার্ষিক লাইসেন্স ফি ও নবায়ন ফি | | | |
|---|---|---|---|---|---|
| | | ১০-৫০ বেড | ৫১-১০০ বেড | ১০১-২৪৯ বেড | ২৫০ বেড |
| বিভাগীয়/সিটি করপোরেশন | ৫০০০/- | ৫০,০০০/- | ১০০,০০০/- | ১৫০,০০০/- | ২০০,০০০/- |
| জেলা পর্যায় | ৫০০০/- | ৪০,০০০/- | ৭৫,০০০/- | ১০০,০০০/- | ১৫০,০০০/- |
| উপজেলা পর্যায় | ৫০০০/- | ২৫,০০০/- | ৫০,০০০/- | ৭৫,০০০/- | ১০০,০০০/- |

(গ) ডায়াগনস্টিক সেন্টার ও অন্যান্য প্রতিষ্ঠান :

| প্রতিষ্ঠানের ধরন | পূর্বে নির্ধারিত বার্ষিক লাইসেন্স ফি | পুনঃনির্ধারিত বার্ষিক লাইসেন্স ফি ও নবায়ন ফি | | |
|---|---|---|---|---|
| | | বিভাগীয়/সিটি করপোরেশন | জেলা পর্যায় | উপজেলা পর্যায় |
| ডায়াগনস্টিক ল্যাব ক্যাটাগরি-এ (রুটিন প্যাথলজি, বায়োকেমিস্ট্রি, হেমাটোলজি পরীক্ষা, এক্সরে, আল্ট্রাসনোগ্রাম, হিস্টোপ্যাথলজি, মাইক্রোবায়োলজি, ইমিউনোলজি, হরমোন পরীক্ষা, অন্যান্য রেজিওলজি ও ইমেজিং সেবা, সিটি স্ক্যান এবং এমআরআই) | ১,০০০/- | ৫০,০০০/- | ৪০,০০০/- | ২৫,০০০/- |
| ডায়াগনস্টিক ল্যাব ক্যাটাগরি-বি(রুটিন প্যাথলজি, বায়োকেমিস্ট্রি, হেমাটোলজি পরীক্ষা, এক্সরে, আল্ট্রাসনোগ্রাম, হিস্টোপ্যাথলজি, মাইক্রোবায়োলজি, ইমিউনোলজি, হরমোন পরীক্ষা, অন্যান্য রেজিওলজি ও ইমেজিং সেবা) | ১,০০০/- | ৩৫,০০০/- | ২৫,০০০/- | ২০,০০০/- |
| ডায়াগনস্টিক ল্যাব ক্যাটাগরি-সি (রুটিন প্যাথলজি, বায়োকেমিস্ট্রি, হেমাটোলজি পরীক্ষা, এক্সরে এবং আল্ট্রাসনোগ্রাম) | ১,০০০/- | ২৫,০০০/- | ২০,০০০/- | ১৫,০০০/- |
| ডেন্টাল ক্লিনিক | ১,০০০/- | ৩০,০০০/- | ২৫,০০০/- | ২০,০০০/- |
| বিদেশ গমনের উদ্দেশ্যে স্থাপিত মেডিকেল চেকআপ সেন্টার | ১,০০০/- | ১০০,০০০/- | | |

২। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**রেহানা ইয়াছমিন**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/১৬ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২০.২০১৬-৭৬৬**—যেহেতু, জনাব মোহাম্মদ তাসাউর, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুবর্ণচর, নোয়াখালী (সাবেক কর্মস্থল : এলজিইডি, হাটহাজারী), চট্টগ্রাম এর বিরুদ্ধে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করেন না এবং প্রতিদিন চট্টগ্রাম শহর থেকে কর্মস্থলে যাতায়াত করেন; এবং দায়িত্বহীনতা ও কর্তব্য কাজে চরম অবহেলার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্যের কারণে স্থানীয় সরকার বিভাগের তারিখ: ২৩-১১-২০১৬ স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২০.২০১৬-৯৫৯, মূলে তাঁকে কারণ দর্শাতে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ২৩-১১-২০১৬ খ্রি. তারিখের নং-৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২০.২০১৬-৯৫৯ স্মারকমূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ) ও ৩(বি) বিধিতে অদক্ষতা ও অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ তাসাউর তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

যেহেতু, তাঁহার আবেদনের প্রেক্ষিতে গত ১৫-০২-২০১৭ সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তাঁর জবাব গ্রহণযোগ্য না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত কর্মকর্তার প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্তের জবাব এবং সংযুক্ত দলিলপত্রাদি পর্যালোচনায় দেখা জনাব মোহাম্মদ তাসাউর, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুবর্ণচর, নোয়াখালী (সাবেক কর্মস্থল : এলজিইডি, হাটহাজারী, চট্টগ্রাম) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর আওতায় রুজুকৃত বিভাগীয় মামলায়-আনীত অভিযোগসমূহ পর্যালোচনায় প্রকল্পসমূহ বাস্তবায়নকালে অব্যবস্থাপনার জন্য ৩(খ) বিধিতে অসদাচরণের অভিযোগটি প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

এক্ষণে, সেহেতু, জনাব মোহাম্মদ তাসাউর, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুবর্ণচর, নোয়াখালী (সাবেক কর্মস্থল : এলজিইডি, হাটহাজারী, চট্টগ্রাম) এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব, সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য তদন্ত প্রতিবেদন এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

---

**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ ভাদ্র, ১৪২৫/২৮ আগস্ট ২০১৮

**নং ৪৬.০৪৫.০২৭.০৮.১১৯.১১৯.২০১৬-১০১৩**—যেহেতু, জনাব মোঃ তাজুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, মেঘনা উপজেলা পরিষদ, কুমিল্লা এর বিরুদ্ধে দায়েরকৃত মেঘনা থানার মামলা নং-০৭, তারিখ : ৩১-০৮-২০১৬ (জি আর নং-৭৮/২০১৬) ও মেঘনা থানার মামলা নং ১০, তারিখ-২১-১২-২০১৬ (জিআর নং-১২৬/২০১৬) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে।

যেহেতু, জনাব মোঃ তাজুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, মেঘনা উপজেলা পরিষদ, কুমিল্লা-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ খ(১) ধারা অনুসারে মেঘনা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ জহিরুল ইসলাম**
উপসচিব।**পৌর-১ শাখা**

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ আগস্ট ২০১৮

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০১.১৭-১০৭২**—নরসিংদী জেলার মাধবদী পৌরসভার ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর মোসাঃ সাদিয়া আক্তার এবং হবিগঞ্জ জেলার চুনারুঘাট পৌরসভার ০৫ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আঃ খালেক আলাই মিয়া মৃতুবরণ করায় স্থানীয় সরকার ( পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উক্ত দুটি ওয়ার্ড কাউন্সিলর এর পদ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৫/০৫ আগস্ট ২০১৮

**নং সবিম/শা-৬/জা:জাদু-৫/২০১১-৬**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | আওকরা মসজিদ<br>গ্রাম : পাকেরহাট<br>ইউনিয়ন : ৬ নং আঙ্গারপাড়া<br>ডাকঘর : আঙ্গারপাড়া<br>উপজেলা : খানসামা<br>জেলা : দিনাজপুর | পাকেরহাট<br>পাকেরহাট | ৪৭১<br>৪৭১ | ১৮৩২<br>১৮৩৩ | ০.২১<br>০.০২<br>মোট=০.২৩ একর | উত্তর-কামাল উদ্দিন গং<br>দক্ষিণ-হাসিমপুর মির্জার মাঠ সরকারী প্রাথমিক বিদ্যালয়<br>পূর্ব-কামাল উদ্দিন গং<br>পশ্চিম-কামাল উদ্দিন গং | তফসিল বর্ণিত জমি এস, এ-৪৭১ নং খতিয়ানে কামাল উদ্দিন গং পিং-খোলা মোহাম্মদ নামে রেকর্ড ভুক্ত আছে। বর্তমানে চলমান বি, এস, জরিপে সরকারের ১ নং খাস খতিয়ানে মাঠ জরিপ হয়েছে। | না (বর্তমানে চলমান বি,এস, জরিপে সরকারের ১নং খাস খতিয়ানে মাঠ জরিপ হয়েছে। তাই কালেক্টর মহোদয়ের অনুমতি সাপেক্ষে হস্তান্তর করা যেতে পারে) | তফসিলভুক্ত জমি চলমান বি,এস জরিপে ১ নং খাস খতিয়ানে ১৫৫৪ নং হাল দাগ হয়ে ০.২৩ একর জমি রেকর্ডভুক্ত হয়েছে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসীম কুমার দে**
উপসচিব।

---

## বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
## বিদ্যুৎ, বিভাগ
## সমন্বয়-২ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/২২ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৭.০০.০০০০.০৫২.২৮.০১২.১৯৯৫(অংশ-২)-৪৭১**—১৯৩৭ সালের বিদ্যুৎ বিধিমালার ৪৮(১) বিধির আওতায় ১৯৬১ সালে প্রণীত রেগুলেশনের ১নং ও ৩নং প্রবিধানের প্রদত্ত ক্ষমতাবলে সরকার (চেয়ারম্যান ও সচিব ব্যতীত) বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড (Electricity Liceancing Board) আগামী ০৩ (তিন) বছর মেয়াদকালের জন্য নিম্নরূপভাবে পূণর্গঠন করলেন:

চেয়ারম্যান : জনাব মোহাম্মদ বজলুর রহমান, যুগ্মসচিব ও বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক (পদাধিকারবলে)।

সচিব : প্রকৌ: মোঃ আতোয়ার রহমান মোল্লা, সিনিয়র বিদ্যুৎ পরিদর্শক (জ্যেষ্ঠ) (পদাধিকারবলে)।

**সদস্যবৃন্দ** :

| ক্র: নং | দপ্তর/সংস্থার নাম | মনোনীত সদস্যদের নাম |
|---|---|---|
| ১। | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | জনাব আশুতোষ রায়, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিএসও টু চেয়ারম্যান), বিউবো, ঢাকা। |
| ২। | বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন | জনাব মোঃ শাখাওয়াৎ হোসেন, উপ-প্রধান প্রকৌশলী (তড়িৎ), ইষ্টার্ণ টিউবস লিমিটেড, তেজগাঁও, ঢাকা। |
| ৩। | ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পরিদপ্তর (এএমই) বাংলাদেশ সেনাবাহিনী | জনাব বিএ-৬২১৬ লে. কর্ণেল মোঃ এনামুল করিম, পিএসসি, ইএমই, ইএমই রিপেয়ার সেল, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস, ঢাকা। |
| ৪। | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | ডঃ মোঃ শামীম রেজা, সহযোগী অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, বুয়েট,ঢাকা। |
| ৫। | কারিগরি শিক্ষা অধিদপ্তর | প্রকৌশলী মোঃ রমজান আলী, অধ্যক্ষ (অতিঃ দায়িত্ব), টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। |
| ৬। | দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কর্মাস ইন্ডাস্ট্রি | জনাব এস. এ. কাদের কিরণ, সাধারণ পরিষদ সদস্য এফবিসিসিআই, ঢাকা। |
| ৭। | বাংলাদেশ ইলেকট্রিক্যাল কন্ট্রাক্টরস এসোসিয়েশন | জনাব এ. টি. এম নাছির উদ্দিন, সদস্য, বাংলাদেশ ইলেকট্রিক্যাল কন্ট্রাক্টরস এসোসিয়েশন, ঢাকা। |
| ৮। | গণপূর্ত অধিদপ্তর | জনাব মোঃ নূরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ: দাঃ), (ই/এম), গণপূর্ত ই/এম পি এন্ড ডি সার্কেল, ঢাকা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আইরিন পারভীন**
উপসচিব (সম-২)।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৩.১৭-১২৪৩**—২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ/১২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ২৫(পঁচিশ) টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো।

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | জুড়ী মডেল উচ্চ বিদ্যালয়, জুড়ী, মৌলভীবাজার |
| ২. | কবিরহাট মডেল উচ্চ বিদ্যালয়, কবিরহাট, নোয়াখালী |
| ৩. | পোমরা বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম |
| ৪. | বিরল পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বিরল, দিনাজপুর |
| ৫. | দশমিনা মডেল মাধ্যমিক বিদ্যালয়, দশমিনা, পটুয়াখালী |
| ৬. | তালতলী মডেল মাধ্যমিক বিদ্যালয়, তালতলী, বরগুনা |
| ৭. | আলফাডাঙ্গা আরিফুজ্জামান (মডেল) পাইলট উচ্চ বিদ্যালয়, আলফাডাঙ্গা, ফরিদপুর |
| ৮. | নলছিটি মার্চেন্টস মডেল মাধ্যমিক বিদ্যালয়, নলছিটি, ঝালকাঠী |
| ৯. | বেলাব পাইলট মডার্ণ মডেল হাই স্কুল, বেলাবো, নরসিংদী |
| ১০. | চরসিন্দুর বহুমুখী উচ্চ বিদ্যালয়, পলাশ, নরসিংদী |
| ১১. | গাছবাড়ীয়া নিত্যানন্দ গৌরচন্দ্র মডেল উচ্চ বিদ্যালয়, চন্দনাইশ, চট্টগ্রাম |
| ১২. | পরশুরাম মডেল পাইলট হাই স্কুল, পরশুরাম, ফেনী |
| ১৩. | তারাগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়, নালিতাবাড়ী, শেরপুর |
| ১৪. | সোনাইমুড়ি মডেল উচ্চ বিদ্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী |
| ১৫. | মিঠাপুকুর মডেল উচ্চ বিদ্যালয়, মিঠাপুকুর, রংপুর |
| ১৬. | দোয়ারাবাজার মডেল উচ্চ বিদ্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ |
| ১৭. | ধামরাই হার্ডিঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজ, ধামরাই, ঢাকা |
| ১৮. | জয়পাড়া পাইলট উচ্চ বিদ্যালয়, দোহার, ঢাকা |
| ১৯. | নবাবগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয় ও কলেজ, নবাবগঞ্জ, ঢাকা |
| ২০. | কাপাসিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া, গাজীপুর |
| ২১. | আড়াইহাজার পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ |
| ২২. | যদুনাথ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, নাগরপুর, টাংগাইল |
| ২৩. | সোনারং পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, টঙ্গীবাড়ী, মুন্সীগঞ্জ |
| ২৪. | বাঞ্ছারামপুর এস.এম. পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়ীয়া |
| ২৫. | নাঙ্গালকোট এ.আর মডেল উচ্চ বিদ্যালয়, নাঙ্গালকোট, কুমিল্লা |

২। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।

---

**[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত পত্র ]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৩.১৭-১২৪৩**—২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ/১২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ২৫(পঁচিশ) টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো।

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | জুড়ী মডেল উচ্চ বিদ্যালয়, জুড়ী, মৌলভীবাজার |
| ২. | কবিরহাট মডেল উচ্চ বিদ্যালয়, কবিরহাট, নোয়াখালী |
| ৩. | পোমরা বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম |
| ৪. | বিরল পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বিরল, দিনাজপুর |
| ৫. | দশমিনা মডেল মাধ্যমিক বিদ্যালয়, দশমিনা, পটুয়াখালী |
| ৬. | তালতলী মডেল মাধ্যমিক বিদ্যালয়, তালতলী, বরগুনা |
| ৭. | আলফাডাঙ্গা আরিফুজ্জামান (মডেল) পাইলট উচ্চ বিদ্যালয়, আলফাডাঙ্গা, ফরিদপুর |
| ৮. | নলছিটি মার্চেন্টস মডেল মাধ্যমিক বিদ্যালয়, নলছিটি, ঝালকাঠী |
| ৯. | বেলাব পাইলট মডার্ণ মডেল হাই স্কুল, বেলাবো, নরসিংদী |
| ১০. | চরসিন্দুর বহুমুখী উচ্চ বিদ্যালয়, পলাশ, নরসিংদী |

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১১. | গাছবাড়ীয়া নিত্যানন্দ গৌরচন্দ্র মডেল উচ্চ বিদ্যালয়, চন্দনাইশ, চট্টগ্রাম |
| ১২. | পরশুরাম মডেল পাইলট হাই স্কুল, পরশুরাম, ফেনী |
| ১৩. | তারাগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়, নালিতাবাড়ী, শেরপুর |
| ১৪. | সোনাইমুড়ি মডেল উচ্চ বিদ্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী |
| ১৫. | মিঠাপুকুর মডেল উচ্চ বিদ্যালয়, মিঠাপুকুর, রংপুর |
| ১৬. | দোয়ারাবাজার মডেল উচ্চ বিদ্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ |
| ১৭. | ধামরাই হার্ডিঞ্জ উচ্চ বিদ্যালয়, ধামরাই, ঢাকা |
| ১৮. | জয়পাড়া পাইলট উচ্চ বিদ্যালয়, দোহার, ঢাকা |
| ১৯. | নবাবগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয় ও কলেজ, নবাবগঞ্জ, ঢাকা |
| ২০. | কাপাসিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া, গাজীপুর |
| ২১. | আড়াইহাজার পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ |
| ২২. | যদুনাথ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, নাগরপুর, টাংগাইল |
| ২৩. | সোনারং পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, টঙ্গীবাড়ী, মুন্সীগঞ্জ |
| ২৪. | বাঞ্ছারামপুর এস.এম. পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়ীয়া |
| ২৫. | নাঙ্গলকোট এ.আর মডেল উচ্চ বিদ্যালয়, নাঙ্গলকোট, কুমিল্লা |

২। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।

---

**বেসরকারি কলেজ-৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৯**—"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮"-এর আলোকে নিম্নবর্ণিত জেলা ও উপজেলাধীন ৫ (পাঁচ) টি কলেজ ২৫ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হতে সরকারি করা হলো।

| ক্রমিক নং | জেলা | থানা/উপজেলা | কলেজের নাম |
|---|---|---|---|
| ১. | রাজশাহী | পুঠিয়া | বানেশ্বর কলেজ |
| ২. | দিনাজপুর | কাহারোল | কাহারোল ডিগ্রি কলেজ |
| ৩. | | খানসামা | পাকেরহাট ডিগ্রি কলেজ |
| ৪. | রাজবাড়ী | বালিয়াকান্দি | বালিয়াকান্দি কলেজ |
| ৫. | বাগেরহাট | কচুয়া | শহীদ শেখ আবু নাসের মহিলা ডিগ্রি কলেজ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহিদুল ইসলাম চৌধুরী**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**(পার-৪ অধিশাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০০.১৫০.১৫.০১৫.১৮-৫২৭/১(১০)**—ঢাকা ডেন্টাল কলেজে বিদ্যমান অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপকের পদ নিম্নরূপ বিষয়ভিত্তিক বিভাজন করা হলো।

| পদ নাম | মোট পদ সংখ্যা | বিষয়ভিত্তিক পদসংখ্যা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ওরাল সার্জারী | প্রস্থোডনটিকস | অর্থোডনটিকস | চিলড্রেন এন্ড প্রিভেনটিভ ডেন্টিস্ট্রি | কনজারভেটিভ ডেন্টিস্ট্রি | ডেন্টিস্ট্রি |
| অধ্যাপক | ৫ | ১ | ১ | ১ | ১ | ১ | ০ |
| সহযোগী অধ্যাপক | ৬ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| সহকারী অধ্যাপক | ৯ | ১ | ২ | ২ | ১ | ২ | ১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাকসুদা ইয়াসমিন**
উপসচিব।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৫ /০৪ অক্টোবর ২০১৮

**নং ১৭.০০.০০০০.০২৫.৫০.০২৮.০৮(অংশ-২)-৬৬৫**—যেহেতু The Representation of the People Order, ১৯৭২ (as amended up to date) এর আওতায় রাজনৈতিক দল হিসাবে নিবন্ধনের জন্য উক্ত আদেশের Article 90B এর শর্ত অনুযায়ী ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলন নামীয় দল হিসেবে নির্বাচন কমিশনের কাছে আবেদন করিয়াছিল এবং যাহার প্রেক্ষিতে ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলন নামীয় দলকে নিবন্ধন প্রদান করা হয়েছিল। (নিবন্ধন নং-২৯ তারিখঃ ১৬/১১/২০০৮);

যেহেতু, উক্ত আইনের বিধান অনুযায়ী কেন্দ্রীয় দপ্তর, এক তৃতীয়াংশ প্রশাসনিক জেলা ও ১০০ (একশত) টি উপজেলা/থানায় কার্যকর দপ্তরের সমর্থনে প্রামাণিক দলিলাদিসমূহ নির্ধারিত তারিখে জমা দেওয়ার শর্ত থাকিলেও ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলন নামীয় দল ঐ তারিখের মধ্যে তাহা জমাদান করে নাই;

যেহেতু The Representation of the People Order, ১৯৭২ (as amended up to date) এর Article 90H এর sub clause (1)(d) অনুযায়ী clause (1)(b) of Article 90B এর শর্ত ভঙ্গ করিলে রাজনৈতিক দলের নিবন্ধন বাতিল যোগ্য এবং নির্বাচন কমিশন এ কারণে ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলন নামীয় দলের নিবন্ধন বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

এখন, সেহেতু, clause (1)(b) of Article 90B এর শর্ত ভঙ্গ করায় The Representation of the People Order, ১৯৭২ (as amended up to date) এর Article 90H এর sub clause (1)(d) অনুযায়ী ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলন এর নিবন্ধন (নিবন্ধন নং-২৯ তারিখঃ ১৬/১১/২০০৮) এতদ্বারা বাতিল করা হইল।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**হেলালুদ্দীন আহমদ**
সচিব।